

## শীর্ষ দুটি স্থানই বুয়েটের

এস এম নজিবুল্লাহ চৌধুরী

২০ নভেম্বর ২০১৬, ০০:০৭

আপডেট: ২০ নভেম্বর ২০১৬, ০০:০৭



অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের কাছ থেকে পুরস্কার নিচ্ছেন সেরা দল বুয়েট রায়ো I প্রথম আলোবিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ কম্পিউটার প্রোগ্রামিং আয়োজন এসিএম আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা (আইসিপিসি) ২০১৬-এর ঢাকা পর্বে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) দল ‘বুয়েট রায়ো’। ১১টি সমস্যার মধ্যে ১০টির সমাধান দিয়েছে তারা। এ দলের তিন সদস্য হলেন এম এম হারুন-উর-রশিদ, তন্ময় মল্লিক ও নাজমুর রশীদ। চ্যাম্পিয়ন হিসেবে বুয়েট রায়োর নাম ঘোষণার পরপরই হারুন-উর-রশিদ *প্রথম আলো*কে বলেন, ‘চ্যাম্পিয়ন হওয়ার অনুভূতি অসাধারণ! এখন চূড়ান্ত পর্বের জন্য প্রস্তুতি নিতে চাই।’

রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে (ইউএপি) শুক্র ও শনিবার অনুষ্ঠিত হয় এই প্রতিযোগিতা। এবার অংশ নিয়েছে ১২৫টি দল। প্রতি দলে ছিলেন তিনজন করে প্রোগ্রামার এবং একজন করে কোচ। বুয়েটের আরেক দল ‘বুয়েট ওমনিট্রিক্স’ প্রথম রানারআপ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের দল ‘ডিইউ সেন্সর্ড’ দ্বিতীয় রানারআপ হয়েছে। দুটি দলই নয়টি করে সমস্যার সমাধান দিতে পেরেছে। আগামী বছরের মে মাসে যুক্তরাষ্ট্রে অনুষ্ঠেয় আইসিপিসির চূড়ান্ত পর্বে (ওয়ার্ল্ড ফাইনালস) অংশ নেওয়ার কথা রয়েছে শীর্ষ তিন দলের।

গতকাল শনিবার ইউএপি প্রাঙ্গণে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে ফলাফল ঘোষণা ও পুরস্কার বিতরণ করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। প্রতিযোগীদের তিনি নিজের জীবনের গল্প শোনান। অনুষ্ঠানের সভাপতি ইউএপির উপাচার্য জামিলুর রেজা চৌধুরী বলেন, এ প্রতিযোগিতা বাংলাদেশের সফটওয়্যার শিল্পের উন্নতিতে সাহায্য করবে।

এসিএম-আইসিপিসির পক্ষ থেকে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এশিয়া অঞ্চলের পরিচালক সি জে হ্যাং। তিনি বলেন, 'এসিএম-আইসিপিসির ওয়ার্ল্ড ফাইনালসের (চূড়ান্ত পর্ব) স্থান হিসেবে ভবিষ্যতে আমরা বাংলাদেশের কথা বিবেচনা করব।' তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ বলেন, আইসিপিসির চূড়ান্ত পর্ব আয়োজনে যেকোনো ধরনের সহযোগিতা করবে বাংলাদেশ সরকার। ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী ও সহ-উপাচার্য এম আর কবির অনুষ্ঠানে বক্তৃতা করেন।

এসিএম-আইসিপিসি ঢাকা পর্বের আয়োজক ইউএপি। আয়োজনে সহযোগিতা করছে আইসিটি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, এথিকস অ্যাডভান্সড টেকনোলজিস লিমিটেড. লিড সফট, দোহাটেক, বিকাশ, এসইএল ও সাউথইস্ট ব্যাংক।